

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১০৮৩

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)
পরিচ্ছেদঃ ৫/৭৮. জুমু'আহর সালাত ফরয।

بَابِ فِي فَرْضِ الْجُمْعَةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْمُنْذِرِ، حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ، حَدَّثَنَا أَبُو مَالِكِ الأَشْجَعِيُّ، عَنْ رِبْعِيِّ بْنِ حِرَاشٍ، عَنْ حُدَيْفَة، وَعَنْ أَبِي حَازِمٍ، عَنْ أَبِي هُرَيْرَة، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " أَضلَ اللَّهُ عَنِ الْجُمُعَةِ مَنْ كَانَ قَبْلَنَا كَانَ لِلْيَهُودِ يَوْمُ السَّبْتِ وَالأَحَدُ لِلنَّصَارَى فَهُمْ لَنَا تَبَعٌ إِلَى يَوْمِ الْقِيَامَةِ نَحْنُ الآخِرُونَ مِنْ أَهْلِ الدُّنْيَا وَالأَوَّلُونَ الْمَقْضِيُّ لَهُمْ قَبْلَ الْخَلائِقِ " .

বাংলা

৩/১০৮৩। আবৃ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জুমুআহর সালাতের (নামাযের) ব্যাপারে আল্লাহ তাআলা আমাদের পূর্ববর্তীদের পথভ্রম্ভ করেছেন। ইহূদীদের জন্য ছিল শনিবার এবং খ্রিস্টানদের জন্য রবিবার। কিয়ামতের দিন পর্যন্ত তারা হবে আমাদের পশ্চাৎগামী। আমরা পৃথিবীর অধিবাসীদের মধ্যে সর্বশেষ আগমনকারী, কিন্তু সৃষ্টিকুলের বিচার অনুষ্ঠানের দিক থেকে হবো সর্বপ্রথম।

English

It was narrated that Abu Hurairah said:

"The Messenger of Allah (ﷺ) said: 'Allah led those who came before us astray from Friday. Saturday was for the Jews and Sunday was for the Christians. And they will lag behind us until the Day of Resurrection. We are the last of the people of this world but we will be the first to be judged among all of creation.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: বুখারী ৮৯৮, মুসলিম ৮৫১-৩, ৮৫৬, নাসায়ী ১৩৬৭-৬৮, আহমাদ ৭২৬৮, ৭৩৫১,



৭৬৪৯, ৮০৫৩, ৮২৯৮, ১০১৫২।

তাহকীক আলবানী: হাসান সহীহ। তাখরীজ আলবানী: তালীকুর রগীব ২৫০, সহীহ তারগীব ৭০১

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন